

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১৫.২১.৩৯

তারিখ: ২৩ আষাঢ়, ১৪২৯

০৭ জুলাই ২০২২

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীদের জন্মসনদ নিশ্চিত করে “শিক্ষার্থীদের প্রোফাইল তৈরি” সফটওয়্যার -এ এন্ট্রি করণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীদের জন্ম সনদের মাধ্যমে বিদ্যালয়ে ভর্তি নিশ্চিত করার নির্দেশনা রয়েছে। শিশু স্বাস্থ্য সুরক্ষার জন্য বর্তমান সরকার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীদের কোভিড-১৯ এর টিকা কার্যক্রমের আওতায় নিয়ে আসার সিদ্ধান্ত নিয়েছেন। তৎপ্রেক্ষিতে সকল ছাত্র-ছাত্রীদের জন্মসনদ নিশ্চিত করা প্রয়োজন।

২। এখনও যে সকল শিশু শিক্ষার্থী জন্মনিবন্ধন বিহীন তাদের সকলের জন্মনিবন্ধন জরুরিভিত্তিতে সম্পন্ন করে প্রধান শিক্ষক যাচাই করে সংরক্ষণের উদ্যোগ গ্রহণ করবেন, একইসাথে উপজেলা/থানা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার সংরক্ষিত তথ্যাদি যাচাই পরবর্তী “শিক্ষার্থীদের প্রোফাইল তৈরি” সফটওয়্যার-এ এন্ট্রি নিশ্চিত করবেন।

৩। এমতাবস্থায়, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীদের জন্মসনদ বিদ্যালয়ে সংরক্ষণ নিশ্চিত করে আগামী ২৫ জুলাই ২০২২ তারিখের মধ্যে “শিক্ষার্থীদের প্রোফাইল তৈরি” সফটওয়্যার-এ এন্ট্রি দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২-৭-২০২২

নাসরিন সুলতানা  
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ২) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই)
- ৩) থানা/উপজেলা শিক্ষা অফিসার (সকল), থানা/উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১৫.২১.৩৯/১(১৯)

তারিখ: ২৩ আষাঢ়, ১৪২৯

০৭ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:


- ১) পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের

সদয় অবগতির জন্য)।

৩) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম

৪) শিক্ষা অফিসার, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫) সহকারী শিক্ষা অফিসার, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



১২-৭-২০২২

নাসরিন সুলতানা

সহকারী পরিচালক